# পরিবেশ বিজ্ঞান ইনস্টিটিউট
রাজশাহী বিশ্ববিদ্যালয়

## ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে এম. ফিল. ও পিএইচ.ডি. প্রোগ্রামে
## ভর্তি বিজ্ঞপ্তি

সূত্র নং- ০৫৫/আই.ই.এস/বি-১০/২০২৫ তারিখ ঃ ০৫-০৩-২০২৫

পরিবেশ বিজ্ঞান ইনস্টিটিউট, রাজশাহী বিশ্ববিদ্যালয়-এ ২ বছর মেয়াদী এম. ফিল. ও ৩ বছর মেয়াদী পিএইচ.ডি. প্রোগ্রামে ভর্তির জন্য আবেদন পত্র আহবান করা হচ্ছে। উভয় প্রোগ্রামই পাঠ্যক্রম অনুযায়ী সম্পূর্ণ সময়ের জন্য গবেষণামূলক কাজ। ভর্তির জন্য মনোনীত প্রার্থীদের বিধি মোতাবেক ইনস্টিটিউট থেকে এম. ফিল. প্রোগ্রামে মাসিক ১৫,০০০/- (পনের হাজার) টাকা হারে ২ বছর এবং পিএইচ. ডি. প্রোগ্রামে মাসিক ২০,০০০/- (কুড়ি হাজার) টাকা হারে ৩ বছর মেয়াদী ফেলোশীপ (অর্থ প্রাপ্তি সাপেক্ষে) প্রদান করা যেতে পারে।

প্রার্থীদেরকে উচ্চ মাধ্যমিক পর্যায়ে বিজ্ঞানসহ পরিবেশ বিজ্ঞান, বিজ্ঞান, জীব বিজ্ঞান, ভূ-বিজ্ঞান, কৃষি বিজ্ঞান, ফিশারীজ, ভেটেরিনারি এন্ড এনিমেল সায়েন্সস, চিকিৎসা বিজ্ঞান, প্রকৌশল, সামাজিক বিজ্ঞান, আইন, বিজনেস স্টাডিজ অনুষদের যে কোনো বিষয়ে স্নাতক (সম্মান) ও মাস্টার্স ডিগ্রিপ্রাপ্ত ব্যক্তিগণ এম.ফিল. ও পিএইচ.ডি. প্রোগ্রামে আবেদন করতে পারবেন। উল্লেখিত প্রোগ্রামে আবেদন করার যোগ্যতা নিম্নরূপ ঃ

### (ক) এম.ফিল. প্রোগ্রামে ভর্তির ক্ষেত্রে

১. প্রার্থীর অবশ্যই এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমান পরীক্ষায় সনাতন পদ্ধতিতে যে কোনো একটিতে ন্যূনতম প্রথম বিভাগ ও অন্যটিতে ন্যূনতম দ্বিতীয় বিভাগ অথবা গ্রেডিং পদ্ধতিতে উভয় পরীক্ষার প্রতিটিতে ৪র্থ বিষয়সহ ন্যূনতম জিপিএ ৪.০০ থাকতে হবে (প্রযোজ্য ক্ষেত্রে শিক্ষামন্ত্রনালয়ের প্রজ্ঞাপন নং- শিম/শা:১১/৫-১(অংশ)/৫৮২; তাং-০২-০৬-২০০৯ অনুসরন করা হবে)।

এবং

২. আইন/সামাজিক বিজ্ঞান অনুষদভুক্ত বিভাগসমূহ থেকে উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে স্নাতক (সম্মান)/ সমমান এবং স্নাতকোত্তর পরীক্ষার সনাতন পদ্ধতিতে যে কোনো একটিতে ন্যূনতম ৫৫% ও অন্যটিতে ন্যূনতম ৫০% নম্বর থাকতে হবে অথবা গ্রেডিং পদ্ধতিতে সিজিপিএ ৪.০০ স্কেলের মধ্যে উভয় পরীক্ষায় সিজিপিএ ৩.২৫ থাকতে হবে।

অথবা

বিজ্ঞান/বিজনেস স্টাডিজ/জীব বিজ্ঞান ও ভূ-বিজ্ঞান/কৃষি/প্রকৌশল/ ভেটেরিনারী এন্ড এনিমেল সায়েন্স/ ফিশারিজ অনুষদভুক্ত বিভাগসমূহ থেকে উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে স্নাতক (সম্মান)/ সমমান এবং স্নাতকোত্তর পরীক্ষার সনাতন পদ্ধতিতে উভয় পরীক্ষায় ন্যূনতম ৫৫% নম্বর থাকতে হবে অথবা গ্রেডিং পদ্ধতিতে সিজিপিএ ৪.০০ স্কেলের উভয় পরীক্ষায় ন্যূনতম সিজিপিএ ৩.২৫ থাকতে হবে।

অথবা

এমবিবিএস/বিডিএস পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে সনাতন পদ্ধতিতে ন্যূনতম ৬০% নম্বর থাকতে হবে। ডিভিএম পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে সনাতন পদ্ধতিতে ন্যূনতম ৬০% নম্বর অথবা গ্রেডিং পদ্ধতিতে সিজিপিএ ৪ স্কেলের মধ্যে ন্যূনতম সিজিপিএ ৩.৫০ থাকতে হবে।

অথবা

৩. যে সকল প্রার্থীর উপরে বর্ণিত ৫ ধারার উপধারা (১) অথবা (২)-এর স্নাতক/স্নাতক (সম্মান) পর্যায়ের/সমমান ও স্নাতকোত্তর শিক্ষাগত যোগ্যতার কোনো একটি শর্ত পূরণ হয় না, তাঁরা এম.ফিল. প্রোগ্রামে ভর্তির জন্য আবেদন করতে পারবেন, যদি তাঁদের–

(ক) পাবলিক বিশ্ববিদ্যালয় / বেসরকারি বিশ্ববিদ্যালয় (বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক অনুমোদিত) / সরকারি কলেজে ৩ (তিন) বছরের শিক্ষকতার অভিজ্ঞতা

অথবা

(খ) স্নাতক পর্যায়ের বেসরকারি ডিগ্রি কলেজে স্নাতক/স্নাতক (সম্মান) শ্রেণীতে ৩ (তিন) বছরের শিক্ষকতার অভিজ্ঞতা

অথবা

(গ) কোনো স্বীকৃত গবেষণা প্রতিষ্ঠানে ৩ (তিন) বছরের গবেষণা কাজের অভিজ্ঞতা এবং সেই সাথে স্বীকৃত পিয়ার রিভিউড জার্নালে বিষয়ভিত্তিক ন্যূনতম ২ (দুই) টি গবেষণা প্রবন্ধ প্রকাশিত হয়ে থাকে।

অথবা

(ঘ) বিদেশী প্রার্থী/বিদেশী ডিগ্রিপ্রাপ্ত প্রার্থীর ক্ষেত্রে নিজ দেশে/বাংলাদেশ ভিন্ন অন্য কোন দেশে শিক্ষা প্রতিষ্ঠানে স্নাতক (সম্মান) শ্রেণিতে শিক্ষকতার অভিজ্ঞতা বা গবেষণা প্রতিষ্ঠানে গবেষণার অভিজ্ঞতা থাকে।

(ঙ) উপ-ধারা ৩ (ক), (খ), (গ), ও (ঘ) বর্ণিত যোগ্যতাসম্পন্ন প্রার্থীদের শিক্ষা জীবনের কোনো পর্যায়েই ২য় বিভাগ/শ্রেণী/সিজিপিএ ৩.২৫ এর কম থাকলে তিনি ভর্তির অযোগ্য বলে বিবেচিত হবেন। এই উপধারার অধীনে এম.ফিল. প্রোগ্রামে ভর্তির অনুমতিপ্রাপ্ত প্রার্থীগণ পিএইচ.ডি. প্রোগ্রামে স্থানান্তরিত হতে পারবেন না।

### (খ) পিএইচ.ডি. প্রোগ্রামে ভর্তির ক্ষেত্রে

১। প্রার্থীর এম.ফিল. বিধির ৫ ধারার উপধারা (১) ও (২)-এর ভর্তির যোগ্যতাসহ অবশ্যই এম.ফিল./ সমমান ডিগ্রি থাকতে হবে।

অথবা

২। পাবলিক বিশ্ববিদ্যালয়ের শিক্ষকগণ, পাবলিক বিশ্ববিদ্যালয় থেকে এম.ফিল./সমমানের ডিগ্রিপ্রাপ্ত দেশী এবং এম.ফিল./সমমানের ডিগ্রিপ্রাপ্ত বিদেশী প্রার্থীগণ পিএইচ.ডি. প্রোগ্রামে ভর্তির জন্য সরাসরি প্রাথমিক আবেদনপত্র জমা দিতে পারবেন।

**অথবা**

৩। প্রার্থীর যদি এম.ফিল. বিধির 'ক' ধারায় বর্ণিত ভর্তির যোগ্যতা থাকে এবং তিনি যদি বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন/যে কোন সরকারি বৃত্তি / বাংলাদেশ একাডেমি অব সায়েন্সেস ফেলোশিপ / আন্তর্জাতিক বৃত্তি / গবেষণা অনুদান অর্জন করে থাকেন, তাহলে তিনি পিএইচ.ডি. প্রোগ্রামে ভর্তির জন্য আবেদনপত্র জমা দিতে পারবেন।

**অথবা**

৪। এম.ফিল বিধির 'ক' ধারার উপধারা (১) ও (২) এর ভর্তির যোগ্যতাসহ–

(ক) পাবলিক বিশ্ববিদ্যালয়ে / বেসরকারি বিশ্ববিদ্যালয়ে (বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন কর্তৃক অনুমোদিত) / সরকারি কলেজে ৭ (সাত) বছরের শিক্ষকতার অভিজ্ঞতা

অথবা

(খ) স্নাতক / স্নাতক (সম্মান) পর্যায়ের বেসরকারি ডিগ্রি কলেজে স্নাতক / স্নাতক (সম্মান) শ্রেণীতে ৭ (সাত) বছরের শিক্ষকতার অভিজ্ঞতা

অথবা

(গ) কোনো স্বীকৃত গবেষণা প্রতিষ্ঠানে ৭ (সাত) বছরের গবেষণা কাজের অভিজ্ঞতা এবং সেই সাথে স্বীকৃত পিয়ার রিভিউড জার্নালে ন্যূনতম ৩ (তিন) টি গবেষণা প্রবন্ধ প্রকাশিত হয়ে থাকলে

অথবা

(ঘ) বিদেশী প্রার্থী/বিদেশী ডিগ্রিপ্রাপ্ত প্রার্থীর ক্ষেত্রে নিজ দেশে শিক্ষা প্রতিষ্ঠান স্নাতক (সম্মান) শ্রেণিতে শিক্ষকতার অভিজ্ঞতা বা গবেষণা প্রতিষ্ঠানে গবেষণার অভিজ্ঞতা থাকলে এবং সেই সাথে কোনো স্বীকৃত পিয়ার রিভিউড জার্নালে ন্যূনতম ৩ (তিন)টি গবেষণা প্রবন্ধ প্রকাশিত হয়ে থাকলে প্রার্থী পিএইচ.ডি. প্রোগ্রামে ভর্তির প্রাথমিক আবেদনপত্র জমা দিতে পারবেন।

তবে উপ-ধারা ৪ এর সকল ক্ষেত্রে বর্ণিত যোগ্যতাসম্পন্ন আবেদনকারীগণের শিক্ষা জীবনের কোনো পর্যায়ে ২য় বিভাগ/শ্রেণি/সিজিপিএ ৩.২৫ এর কম থাকলে ভর্তির জন্য অযোগ্য বলে বিবেচিত হবেন।

**এম.ফিল/পিএইচ.ডি প্রোগ্রামে খন্ডকালীন গবেষণা (Part-Time Research):**

২০২৫-২০২৬ শিক্ষাবর্ষ থেকে একজন আবেদনকারী এম.ফিল/পিএইচ.ডি প্রোগ্রামে খন্ডকালীন গবেষক (Part-Time Research) হিসেবে ভর্তি হতে পারবে। খন্ডকালীন গবেষকের গবেষনাকালীন আবশ্যিক, ছুটি নেয়ার বাধ্যবাধকতা থাকবে না। তবে এম.ফিল./পিএইচ.ডি. প্রোগ্রামে কোর্সওয়ার্কের ৫০% স্ব-শরীরে, উপস্থিত থেকে ও ৫০% অন-লাইনে এবং পরীক্ষায় স্ব-শরীরে উপস্থিত থেকে ব্লেন্ডেড পদ্ধতিতে সম্পন্ন করতে হবে। খন্ডকালীন গবেষণার ভর্তি হলে গবেষককে পূর্ণকালীন গবেষণায় স্থানান্তরিত করা যাবে না।

এমফিল প্রোগ্রাম ন্যূনতম ৩ (তিন) বছর থেকে সর্বোচ্চ ৬ (ছয়) বছরের মধ্যে এবং পিএইচ.ডি প্রোগ্রাম ন্যূনতম ৫ (পাঁচ) বছর থেকে সর্বোচ্চ ৮ (আট) বছরের মধ্য অবশ্যই সম্পন্ন করতে হবে। তবে এমফিল/পিএইচডি এর অন্যান্য বিধি খন্ডকালীন গবেষকদের জন্য প্রযোজ্য হবে। খন্ডকালীন গবেষককে আইইএস থেকে কোন ধরনের স্কলারশীপ/আর্থিক অনুদান/নিয়মিত গবেষকের সুবিধাদি প্রদান করা হবে না। যে সব খন্ডকালীন এম.ফিল গবেষক তাদের এম.ফিল গবেষণা বিধি মোতাবেক পিএইচ.ডি প্রোগ্রামে স্থানান্তরিত করতে ইচ্ছুক তাদের নিয়মিত গবেষকদের জন্য প্রযোজ্য ২ (দুই) বছরের পরিবর্তে ৩ (তিন) বছরের মধ্যে স্থানান্তরের জন্য আবেদন করতে হবে।

আবেদনকারী ব্যক্তিগতভাবে ইনস্টিটিউট অফিস থেকে অথবা নিজ ঠিকানা সম্বলিত সাদা খামে ২০/- (কুড়ি) টাকার ডাকটিকিট এবং পরিচালক, ইনস্টিটিউট অব এনভায়রনমেন্টাল সায়েন্স, রাজশাহী বিশ্ববিদ্যালয়-এর অনুকূলে ১৫০০.০০ (এক হাজার পাঁচশত) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (অফেরৎযোগ্য) পাঠিয়ে **০৯-০৩-২০২৫** তারিখ থেকে **৩০-০৪-২০২৫** তারিখ পর্যন্ত অফিস চলাকালীন ইনস্টিটিউটের অফিস থেকে আবেদন ফরম সংগ্রহ এবং **প্রার্থীর সকল পরীক্ষার সনদপত্র, নম্বরপত্রসমূহের সত্যায়িত কপি ও দুই কপি ছবিসহ** জমা দিতে পারবেন। **অগ্রণী ব্যাংক ছাড়া অন্য কোন ব্যাংকের ড্রাফট গ্রহণযোগ্য হবে না।**

চাকরিরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। **চাকরিরত প্রার্থীকে এম.ফিল. কোর্সে গবেষণার জন্য ১(এক) বছর এবং পিএইচ.ডি'র জন্য ২(দুই) বছরের ছুটি পাবেন মর্মে নিয়োগকারী কর্তৃপক্ষের নিকট থেকে সম্মতিপত্র ভর্তির সময় সংযুক্ত করতে হবে এবং কোর্সওয়ার্কে যোগদানের সময় প্রয়োজনীয় ছুটির অনুমোদন পত্র দেখাতে হবে।** অসম্পূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে। **আগামী ১৮-০৫-২০২৫ তারিখ রবিবার সকাল ১০:০০ টায় পরিবেশ বিজ্ঞান ইনস্টিটিউটে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে।**

উল্লেখ্য, ইনস্টিটিউট সংক্রান্ত বিশদ বিবরণ এবং ভর্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি www.ru.ac.bd/ies থেকে পাওয়া যাবে।

৫।৩।২০২৫

(প্রফেসর ড. মোঃ গোলাম মোস্তফা)
পরিচালক
পরিবেশ বিজ্ঞান ইনস্টিটিউট
রাজশাহী বিশ্ববিদ্যালয়
রাজশাহী-৬২০৫